

# 6th Round of India-Argentina Foreign Office Consultations

November 24, 2021

## ভারত-আর্জেন্টিনা ষষ্ঠ দফার বিদেশ দপ্তর পরামর্শ

নভেম্বর 24, 2021

24 শে নভেম্বর 2021 তারিখে নিউ দিল্লিতে ভারত-আর্জেন্টিনা বিদেশ দপ্তর পরামর্শ অনুষ্ঠিত হয়েছে। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রীমতী রিভা গাঙ্গুলি দাস, সচিব (পূর্ব), এবং আর্জেন্টিনা প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রীযুক্ত উপ বিদেশমন্ত্রী পাবলো টেটামান্তি।

2. ভারত এবং আর্জেন্টিনার মধ্যে বহুমুখি সম্পর্কের পর্যালোচনা করে , যেগুলি 2019 সালের কৌশলগত অংশীদারিত্বে অগ্রগতি প্রাপ্ত হয়েছিল, উভয় পক্ষ প্রতিরক্ষা, মহাকাশ, পরমাণু শক্তি, খনিজ, শক্তি( প্রচলিত এবং পুনর্নবীকরণ), তেল এবং গ্যাস (প্রাকৃতিক ও সেই সাথে শেল), স্বাস্থ্য ও ঔষধ প্রস্তুত, কৃষি, আয়ুর্বেদ, উন্নয়ন সহযোগিতা, বিজ্ঞান ও প্রযুক্তি সহ তাদের পারস্পরিক স্বার্থের অনেক ক্ষেত্রে চলমান দ্বিপাক্ষিক সম্পর্ককে প্রসারিত করার জন্য তাদের সিদ্ধান্তকে পুনরায় দৃঢ়তার সাথে সুনিশ্চিত করেছে। উভয় পক্ষ বাণিজ্য ও বিনিয়োগ, অধিকতর কৃষি ও ওষুধের পণ্যের জন্য বাজারে প্রবেশাধিকার, তথ্য প্রযুক্তি খাতে সহযোগিতা এবং জনগণের মধ্যে সম্পর্ক গভীরতর করার জন্য শক্তিশালী পদক্ষেপগুলি চিহ্নিত করেছে ।

3. উভয় পক্ষ কোভিডের সময় পারস্পরিক সহযোগিতার কথা স্মরণ করেছেন এবং অতিমারির বিরুদ্ধে লড়াই এবং অতিমারি পরবর্তীকালে পুনরুদ্ধারের জন্য পারস্পরিক সহযোগিতাকে জারি রাখার জন্য তাদের সিদ্ধান্তকে তারা পুনরায় ব্যক্ত করেছেন।

4. উভয়পক্ষ বিভিন্ন আন্তর্জাতিক এবং আন্তর্জাতিক বিষয়ের উপরে তাদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন এবং বহুপাক্ষিক ফোরামে বিদ্যমান সহযোগিতাকে শক্তিশালী করার জন্য সিদ্ধান্ত নিয়েছেন।

5. পরামর্শটি একটি বন্ধুত্বপূর্ণ, উষ্ণ এবং আন্তরিক পরিবেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে। পারস্পরিক সুবিধাজনক সময়ে বুয়েনোস এরিয়াতে পরবর্তী পরামর্শ অনুষ্ঠিত করার জন্য দুই পক্ষ সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

নভেম্বর 24, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.